কেবল রিসার্চ ভালো লাগলেই কিন্তু হবে না, নিজের ক্লাস - কোর্স এর মধ্যে ইন্টারেস্ট পাচ্ছেন কিনা এটাও বড় ব্যাপার। আন্ডারগ্র্যাডে রেজাল্ট ফার্স্ট বা ফিফথ বা টেনথ এর মধ্যে পরবর্তী জীবনে বেশি একটা পার্থক্য নেই, কিন্তু আপনি যদি একেবারেই আগ্রহ না পান কোনও ক্লাসে, সেটা হয়তো ইন্ডিকেট করবে এই বিষয়ে হায়ার স্টাডিজে আপনি আগ্রহী না। সেক্ষেত্রে, অন্য কোন বিষয়ে আপনি আগ্রহী, তা খুঁজে দেখা যেতে পারে।

পঞ্চম পর্বঃ দেশের বাইরে উচ্চশিক্ষার প্রস্তুতি নিতে চাইলে

এই পর্বে ধরে নিচ্ছি আপনি জানেন যে দেশে অর্থনীতিতে আন্ডারগ্র্যাডের পর আপনি বাইরে আসতে চান পড়াশোনার জন্য। অনেক সময় ছাত্ররা নিজেরাই জেনে ভর্তি হয়, আবার অনেক সময় কোনও শিক্ষকের সংস্পর্শে এসে অনুপ্রাণিত হয়। আমি মোটামুটিভাবে একটা প্ল্যানিং ম্যাপ দেওয়ার চেষ্টা করছি।

বাইরে পড়াশোনার জন্য আসতে আন্ডারগ্র্যাডে থাকতে আপনি কি কি করতে পারেন নিজেকে প্রস্তুত করতে-

১) রেজাল্টঃ রেজাল্টের মূল্য আসলে সবজায়গাতেই আছে। সিজিপিএ যেন বেশ ভালো থাকে, এই ব্যাপারে নজর রাখা জরুরি। ফার্স্ট ই হতে হবে, না হলে জীবন শেষ - এমন কিছু না, কেবল ঠিকঠাক বোঝানো যে আপনি ক্লাসে টপ কয়েকজনের একজন ছিলেন।

২) ম্যাথ রিলেটেড সাবজেক্ট গুলো নেওয়াঃ বাইরের দেশে যারা পিএইচডি করে ইকনমিক্সে, তারা ম্যাথ ডিপার্টমেন্টে গিয়ে ম্যাথ কোর্স নেয় - রিয়েল এনালাইসিস, ক্যালকুলাস, লিনিয়ার এলজেব্রা। আমাদের সে সুযোগ নেই, কিন্তু যতটা সুযোগ আছে, তার সম্পূর্ণ সৎব্যবহার করা জরুরি।

৩) স্ট্যাটিস্টিকস এবং ইকোনমেট্রিক্সঃ এর পরের টেকনিক্যাল জায়গাটা হচ্ছে প্রবাবিলিটি এবং ইকনমেট্রিক্স। এই দুই ক্ষেত্রেও স্কিল তৈরি করা জরুরি।

৪) সফটওয়্যার স্কিলঃ হাতে ধরে কেউ সফটওয়্যারের কাজ শিখিয়ে দেবে না। সুতরাং প্রথম থেকে নিজে উদ্যোগ নিয়ে শেখাটা জরুরি - স্ট্যাটা, আর, আর্কজিআইএস (ম্যাপের জন্য) - এই তিনটাই বেশী জরুরি। পাইথন অনেক সময় সাহায্য করে।

৫) ইংরেজি লেখা ও বলাঃ ইংরেজি তো কেবল টোফেল এর জন্য লাগবে না। পরে এসে ইংলিশে পেপার লিখতে হবে একের পর এক। এই স্কিল খুব জরুরি।

৬) জিআরই এবং টোফেল বা আইএলটিএসঃ যে সেমিস্টারে আসতে চান, তার অন্তত এক বছর আগে এই পরীক্ষাগুলো দিয়ে ফেলতে হবে। ইকনমিক্সে ফান্ডিং এর ডিসিশন সেন্ট্রালি হয়, সুতরাং প্রফেসরদের কাছে ইমেইল করে লাভ নেই।

৭) ফাইন্যান্সিয়ালিঃ এই পুরো প্রস্তুতির খরচ সব মিলিয়ে প্রায় ৪/৫ লাখ বা তার বেশী পড়ে যেতে পারে।

৮) মাস্টার্স নাকি পিএইচডিঃ আপনি দেশে মাস্টার্স করবেন নাকি বাইরে করবেন, নাকি দেশে মাস্টার্স করেও আবার বাইরে মাস্টার্স করবেন পিএইচডি করার আগে - এই সিদ্ধান্ত নেওয়া।

এবার আমি কিছু রিসোর্স দিয়ে দিচ্ছি যা সাহায্য করতে পারে প্রস্তুতি নিতে।

ম্যাথের জন্যঃ মূলত ম্যাথের জন্য সাইমন এন্ড ব্লুম এর "ম্যাথেমেটিক্স ফর ইকনমিস্টস" বইটি ফলো করা হয়। বইটা কঠিন, এর জন্য আরও কিছু সহজ রিয়েল এনালাইসিস লেকচার দেখা যেতে পারে। এই ইউটিউব চ্যানেলটি সাহায্য করতে পারেঃ https://www.youtube.com/watch?v=a20OW3hl1ow

মাইক্রোইকনমিক্সঃ মাইক্রো থিওরি এর জন্য মূলত লাগে ম্যাথের রিয়েল এনালাইসিস ব্যাকগ্রাউন্ড। বই হিসেবে MWG (Microeconomic Theory) এবং Jehle and Reny (Advanced Microeconomic Theory) বই দুটো ফলো করা হয়। এই বই এ যাওয়ার আগে অবশ্যই Varian এর Advanced বইটি দেখা উচিত। মূল কথা হোলো এই বই এর অনুশীলনী এর মত প্রশ্ন আসবে বাইরের পরীক্ষাগুলোতে। সেই স্কিল ধীরে ধীরে তৈরি করতে হবে।

ম্যাক্রোইকনমিক্সঃ ম্যাক্রোইকনমিক্স এর জন্য মূলত লাগে অপটিমাইজেশন / ক্যালকুলাসের স্কিল। বই হিসেবে ফলো করা হয় David Romer এর Advanced Macroeconomic Theory. Thomas Sargent এর Macroeconomic Theory ম্যাথেমেটিক্যালি আরও স্ট্রং এবং অনেক স্কুলে শুধু এটিই ব্যাবহার করা হয়।

ইকনমেট্রিক্সঃ ইকনমেট্রিক্স এর জন্য মূলত লাগে প্রবাবিলিটি এবং লিনিয়ার এলজেব্রা। এর জন্য মূলত Wooldridge এর Cross Section and Panel Data এবং Greene এর Econometric Analysis বইগুলো ব্যবহার করা হয়। মোটামুটি সবজায়গাতেই প্রফেসররা নিজেদের লেকচার তৈরি করে দেন, কারণ এইসব বই সব ডিটেইলসে পড়া সম্ভব না। এর বাইরে নিজের প্রজেক্ট এর জন্য Mostly Harmless, Mastering Econometrics, Mixtape এই বইগুলো রিগ্রেশন ফ্রেমওয়ার্ক এবং ডাটা এনালাইসিসের ভালো বই।

ফিল্ড কোর্সের জন্য আগে থেকে তেমন বই দেখার প্রয়োজন নেই। কিন্তু আমার খুব পছন্দের একটি বই হোলোঃ Debraj Roy এর ডেভেলপমেন্ট ইকনমিকস। মেইন্সট্রিম ইকনমিক্সের মার্কেট ধারণার অনেক কিছুই ডেভেলপিং কান্ট্রি এ খাটে না, এই বই সেইসব ধারণা থিওরি দিয়ে ভালো বোঝায় সাহায্য করে। ভালো জার্নালগুলো এর কারেন্ট পাবলিকেশন দেখলে এখন ইকনমিকস কোন দিকে যাচ্ছে, কিছুটা বুঝতে পারবেন। ডুফলো'র ডেভেলপমেন্ট ইকনমিক্সের সব ক্লাস এমআইটি ইউটিউবে রেখে দিয়েছে এখন, শিখতে চাইলে এখন সোর্সের তেমন অভাব নেই। কিন্তু এর মধ্যে কি দরকারি, কি দরকারি না - সেটা খুঁজে বের করা অনেকসময় কঠিন হতে পারে।

ষষ্ঠ এবং শেষ পর্বঃ এপ্লিকেশন প্যাকেজ প্রস্তুত

আগের পর্ব থেকে আপনাদের মোটামুটি ধারণা হয়ে গেছে কি কি প্রস্তুতি নেওয়া লাগবে আন্ডারগ্র্যাডের কয়েক বছর। এখন আসা যাক, কি কি ডকুমেন্ট লাগবে আপনার নর্থ আমেরিকার কোনও স্কুলে ইকনমিক্সে এডমিশন পেতে। আমেরিকায় ইকনমিক্সে মাস্টার্সের জন্য ফান্ডিং ভালো সকুল থেকে পাওয়া কঠিন। তাই পিএইচডি এর আগে মাস্টার্স করতে চাইলে এটা মাথায় রাখতে হবে। আমি নিজে এই কারণ মাথায় রেখেই কানাডাতে মাস্টার্সের জন্য এপ্লাই করেছিলাম। আমেরিকা সরাসরি পিএইচডিতে ফান্ডিং দেওয়া প্রেফার করে ইকনমিক্সে।

ইঞ্জিনিয়ারিং বা সায়েন্সের অনেক সাবজেক্টের সাথে ইকনমিক্সের পার্থক্য হোলো আপনাকে সরাসরি ডিপার্টমেন্টে এপ্লাই করতে হবে। ডিপার্টমেন্ট সেন্ট্রালি ফান্ডিং এর সিদ্ধান্তগুলো নেবে। কোনও প্রফেসরকে ইমেইল করার দরকার নেই।

যে যে ডকুমেন্টগুলো লাগবে -

১) ট্রান্সক্রিপ্ট ঃ আন্ডারগ্র্যাজুয়েশনের ট্রান্সক্রিপ্ট। দেশে কনভার্ট করা লাগতে পারে ইন্টারন্যাশনাল স্কেলে। আপনার প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন অফিসের সাথে এনিয়ে কথা বলতে হবে।

২) সিভিঃ সিভি বা রেজুমে আসলে আন্ডারগ্র্যাডের শুরু থেকেই তৈরি করে রাখা ভালো। বাইরে এপ্লাই করতে সিভি স্ট্যান্ডার্ড ফর্ম্যাট ব্যবহার করুন। আমার "একাডেমিক ব্লগ" ট্যাবে একটা টেম্পলেট দেওয়া আছে। এমন অনেক টেম্পলেট পাবেন, তা নিয়ে নিজের সুবিধামত কাজ করুন। ওয়ার্ড বা লেটেক্সে লিখতে পারেন। সিভিতে আপনার একাডেমিক প্রতিষ্ঠানের নাম থাকতে হবে, আপনার রেফারেন্স রাইটারদের নাম থাকতে হবে, যদি ইন্টার্নশিপ বা ওয়ার্ক এক্সপেরিয়েন্স থাকে, তা লিখতে হবে। আপনার যদি কোনও অর্গানাইজিং এক্সপেরিয়েন্স থাকে, তা সিভিতে লিখলে ভালো। আপনি যদি কোনও পাবলিকেশনের সাথে জড়িত থাকেন, সেটাও উল্লেখ করুন। মোটামুটিভাবে, বিক্রয়যোগ্য সব কথাই সিভিতে তুলে দিন। মিথ্যা কথা লিখবেন না।

৩) জিআরই - টোফেলের রেজাল্টঃ ইটিএস থেকে আপনার রেজাল্ট আপনার নির্ধারিত স্কুলে পাঠিয়ে দেবে। পরীক্ষা দেওয়ার সময় কয়েকটি স্কুলের নাম সাথে করে নিয়ে যাবেন, এগুলোতে ডাইরেক্ট পাঠিয়ে দিতে পারবেন।

৪) রেকমেন্ডেশন লেটারঃ আপনাকে ভালো চেনে এবং আপনার সম্বন্ধে ভালো কথা লিখতে পারেন, এমন কয়েকজন প্রফেসরদের কাছে থেকে লেটার নিন। বাংলাদেশে অনেক জায়গায় লেটার নিয়ে অনেক পলিটিক্স চলে। এই ব্যাপারে প্রথম থেকে সাবধান থাকুন। আপনার লেটার রাইটার কি লিখছেন এটাই বড় কথা, উনি কোথা থেকে পিএইচডি করেছেন, এটা বড় কথা না। লেটার রাইটারকে সবসময় আপডেটেড রাখুন।

৫) Statement of Purpose (SOP): সকুলগুলো আপনার কাছে একটা স্টেটমেন্ট চাইবে। ২/৩ পৃষ্ঠার একটা essay লিখতে হবে যেখানে আপনি বলবেন আপনার রিসার্চ আইডিয়ার কথা, আপনার এক্সপেরিয়েন্স এর কথা এবং কেন এই পার্টিকুলার স্কুলে আপনি ভালো fit, সেটা। এখানে কোনও গল্পের দরকার নেই (যেমন, আমি জন্ম থেকে অর্থনীতি পড়তে চাই ইত্যাদি)। আপনার স্টেটমেন্ট পড়তে ওরা কয়েক মিনিটের বেশী সময় নেবে না। সুতরাং, শার্প লিখুন, টু দ্য পয়েন্ট লেখার চেষ্টা করুন।

৬) পাবলিকেশন বা রাইটিং স্যাম্পলঃ কিছু থাকলে ভালো। না থাকলেও সমস্যা নেই, এটা কমপালসরি না।

এই ডকুমেন্টগুলো একত্রে স্কুলকে পাঠাতে হবে। সকুল সিলেকশন করাটা খুব গুরুত্বপূর্ণ একটা কাজ। এইক্ষেত্রে আপনার রিসার্চ ইন্টারেস্ট, জিআরই এর স্কোর, সিজিপিএ এর ভূমিকা থাকবে খুব বেশী। আমি মাস্টার্সের সময় ৮ টি এবং পিএইচডি এর সময় ১১/১২ টি স্কুলে এপ্লাই করেছিলাম। সকুল সম্বন্ধে ভালো করে জেনে এপ্লাই করলে ফান্ডিং এর সুযোগ বেশি থাকবে। আপনার রেকমেন্ডেশন রাইটারদের সাহায্য নিতে পারেন সকুল সিলেকশনে। এই স্টেপটি আগে থেকেই ভাবা শুরু করুন - কোথায় এপ্লাই করবেন, কেন ওইখানে এপ্লাই করবেন, করলে কি কি বিষয়ে রিসার্চ করতে পারবেন। ফান্ডিং পাওয়া বা বাইরে যাওয়াটা আপনার

শর্ট টার্ম টার্গেট, লং টার্মে আপনি এমন একটা স্কুলে যেতে চান, যেখানে আপনি শিখতে পারবেন, রিসার্চ এঞ্জয় করতে পারবেন, যে সকুল আপনাকে পরবর্তী ক্যারিয়ারের জন্য প্রস্তুত করতে পারবে।

নেটওয়ার্কিংঃ

নেটওয়ার্কিংঃ

নেটওয়ার্কিং শব্দের অর্থ কি? নেটওয়ার্কিংকে বাংলাদেশে খুব বাজে ভাষায় ডাকা হয়। যেমন, শেয়ারমার্কেটের ব্রোকারকে বাংলাদেশে অনেকে বলে “দালাল” তেমনি। এটা আমাদের সমাজের হীনমন্যতা, নলেজ-বিমুখীতা। একজন শিক্ষার্থী হিসেবে আপনাকে পথ দেখাতে পারে এমন মানুষ খুঁজে বের করা আপনার দায়িত্ব। একজন ছাত্র হিসেবে আপনার অধিকার এবং দায়িত্ব আপনার জন্য সঠিক মেন্টর খুঁজে বের করা। এর মধ্যে দোষের কিছু নেই, এর মধ্যে বাংলাদেশি কালচারে "হাত কচলাকচলি" এর যে প্রতিশব্দ গড়ে উঠেছে, সেটাকে ভেঙ্গে বের হয়ে আসা আমাদের দায়িত্ব।

কার সাথে কথা বললে সে আপনাকে গাইড করতে পারবে? দেশের ভেতরে বা বাইরে কার কার এচিভমেন্ট আপনাকে প্রেরণা দেয়? এদের কাছে কোল্ড ইমেইল করুন, প্রফেশনাল - টু দি পয়েন্ট। আপনি কে, কি করছেন, কেন ইমেইল করছেন - এইটুকু লিখুন পরিষ্কার ভাষায়। সরাসরি কথা বলতে চাইলে এপয়ন্টমেন্ট করুন। জানান তাদের আপনি কি ধরনের মেন্টরিং খুঁজছেন। আপনার সিভি তৈরি রাখুন শেয়ার করার জন্য।

আমি ফেসবুকে নক দেওয়াকে আনপ্রফেশনাল মনে করি পারসোনালি, কারণ আপনার চেয়ে এরা বেশ সিনিয়র, এবং এদের সাথে আপনার পারসোনাল সম্পর্ক না। দরকার হলে নক করে ইমেইল আইডি নিয়ে তারপর ইমেইল করুন। আপনি যা ভাবছেন, তার চেয়ে অনেক বেশি সংখ্যক মানুষ আপনাকে সাহায্য করবে। আপনার বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের মধ্যে কারা সিরিয়াসলি কাজ করছেন, কাদের কাছে শিখতে পারছেন - তাদের সাথে কথা বলুন। অফিস আওয়ারে যান, দেখা করুন, আপনি কি করতে চান - এদের জানান। সাজেশন চান। অনেকে নেগেটিভ কথা বলতেও পারে, কিন্তু এই ব্লগের শুরুতেই যেমন বলেছি, আমাদের দায়িত্ব নিতে জানতে হবে। আর তার মানে হচ্ছে অন্যের কথায় নিরুৎসাহিত না হওয়া।

নারী শিক্ষার্থীদের জন্য নেটওয়ার্কিং মাঝে মাঝে বিপদ ডেকে আনে। দেশে এখনো বেশি সংখ্যায় নারী একাডেমিক নেই, আপনার মেন্টরিং খুঁজতে অনেক ক্ষেত্রেই পুরুষ মেন্টরের কাছে যেতে হবে এবং তাদের মধ্যে কেউ কেউ বাজে ব্যবহার করতে পারেন। গ্রুপ বেঁধে গেলে এই চান্সটি কমে যায়। যদি অপ্রস্তুত বোধ করেন, তাহলে ব্যবস্থা নিন। দূরে থাকুন। কিন্তু ভয়ের পরবশে গিয়ে নেটওয়ার্কিংই বন্ধ করে দেবেন না।

সিনিয়রদের সাথে নেটওয়ার্কিং এর সাথে আরেকটা গুরুত্বপূর্ণ কাজ হোলো সমবয়সীদের সাথে নেটওয়ার্কিং। অনেকসময় মনে হতে পারে যে আশেপাশের সবাই সারাদিন স্থূল বিষয় নিয়ে আলোচনা করছে, আমি কিছু শিখছি না। এখানেও আপনাকে দায়িত্ব নিতে হবে। খুঁজে বের করুন, আপনার ক্যাম্পাসে অন্য কারা আছে পড়াশোনা করতে আগ্রহী, জানতে আগ্রহী। পত্রিকা বের করছে যারা, ডিবেটিং ক্লাবের সদস্য যারা, এরা সাধারণত এলার্ট থাকে। আপনার নিজের মত করে এম্বিশাস বন্ধু খুঁজে বের করুন, যারা নিজেরা গণ্ডীর বাইরে চিন্তা করতে চায়। এমন মানুষ অনেক আছে আশেপাশে। আমি ঢাকা বিশ্ববিদ্যালয়ে থাকতে কিছু এরকম বন্ধু পেয়েছিলাম (আমি ভাগ্যবান ছিলাম), যাদের মাধ্যমে বিশ্বের বড় বড় কিছু লেখক - গবেষক সম্বন্ধে জেনেছিলাম।

বুক রিডিং ক্লাব, কালচারাল ক্লাব, রাইটিং ক্লাব ইত্যাদি নেটওয়ার্কিং এ ভালো এফেক্ট করে। এখন অনলাইন সূত্রে অনেক পলিসি গ্রুপ আছে, আপনি যে কোনও জায়গা থেকে এসবে যুক্ত হতে পারেন।

নেটওয়ার্কিং এর সাথে সাথে গুরুত্বপূর্ণ হোলো মনে রাখা প্রফেশনালিজম। প্রফেশনালিজম বা পেশাদারিত্ব আমাদের ছেলেমেয়েদের মধ্যে প্রচণ্ড কম। আমি এখানে কিছু লিস্ট দিচ্ছিঃ

১) কারো সাহায্য চাইলে আপনার প্রোফাইল শেয়ার করে এডভাইজ চাওয়াটাই নিয়ম। অন্যের জিআরই স্কোর বারবার করে জানতে চাওয়া। অপ্রাসঙ্গিক ব্যক্তিগত প্রশ্ন করতেই থাকা, ফেসবুকে এড করার জন্য চাপ দেওয়া। উত্তর সাথে সাথে না পেলে চাপ দেওয়া - এগুলো থেকে দূরে থাকুন।

২) দরকার হলে যার কাছে থেকে সময় নিচ্ছেন, তাদের কিছু উপকারে আসার চেষ্টা করুন।

৩) ভদ্রভাবে কথা বলুন। আপনার সাফল্য ব্যর্থতা আপনার। আপনার ফেইলিয়রের জন্য অন্য পাঁচজনকে দায়ী করাটা বোকামি।

৪) নিজের প্রয়োজনীয় তথ্য নিজেই বের করুন। আমার জন্য পাঁচটি সকুলের নাম খুঁজে পাঠান।

৫) অন্যের সময় নষ্ট করবেন না। কথা বলার আগে কি কি প্রয়োজন ভেবে রাখুন।

৬) নারী মেন্টরদের পুরুষ মেন্টরদের মতই সম্মান দেখান।

৭) সম্বোধনে প্রফেশনালিজম বজায় রাখুন।

নেটোয়ার্কিং এর চাপে আসল কাজটিই ভুলে যাবেন না। অন্যের সাথে কথা বলা জরুরি, নিজের কাজটা করা তার থেকে বেশি জরুরি।

বাংলা মিডিয়ামের শিক্ষার্থীদের জন্য - রাইটিং এ উন্নতির জন্য

রাইটিং এর জন্য গ্র্যাজুয়েট কলেজ অনেক ওয়ার্কশপ করায়। আপনি বাংলা মিডিয়াম হলে বা জেনারেলি লেখা নিয়ে অস্বস্তি থাকলে, এইসব ওয়ার্কশপ অনেক সাহায্য করে। এগুলো ছাত্রদের জন্য ফ্রি থাকে। কলেজে অনেক সফটওয়্যার ওয়ার্কশপও থাকে - আপনি প্রোগ্রামিং বা কিছু শিখতে চাইলে, এসব কাজে লাগাতে পারেন। আপনার যদি টিচিং করতে হয়, ফান্ডিং এর জন্য - সেক্ষেত্রে টিচিং রিলেটেড ওয়ার্কশপগুলোও আপনাকে অনেক সাহায্য করতে পারে।

রাইটিং এর ক্ষেত্রে আমার নিজের কিছু এক্সপেরিয়েন্স নিচে পয়েন্ট আকারে শেয়ার করলাম।

প্রথমত, রিসার্চ পেপার লেখার একটা ফরম্যাট থাকে। বিষয়ভেদে এটা আলাদা, কিন্তু মোটামুটি একটা ধাঁচ ফলো করা হয়। এই ফরম্যাটটা যত তাড়াতাড়ি সম্ভব শিখে নেওয়া উচিত। বড় জার্নালের কয়েকটা ভালো পেপার নিয়ে পড়ে ফরম্যাট বোঝাটা সবচেয়ে সহজতর উপায়। যেমন, ইকনমিক্সের ক্ষেত্রে আমেরিকান ইকনমিক রিভিউ এর কয়েকটা পেপার নিয়ে বসলে অবশ্যই বেসিক আইডিয়া পাওয়ার কথা।

দ্বিতীয়ত, রেফারেন্স লিস্ট/ বিবলিওগ্রাফি কিভাবে তৈরি করে শিখে ফেলা। জার্নাল ফলো করে, গুগল স্কলার দেখে শেখা সম্ভব।

তৃতীয়ত, টেকনিক্যালি নিজেকে বিল্ড আপ করা। রেফারেন্স ম্যানেজমেন্ট সফটওয়্যারের সাথে পরিচিত হওয়াটা জরুরি। লেখার জন্য ওয়ার্ড এর পাশাপাশি ল্যাটেক্স শিখে ফেলা। ওভারলিফে ফ্রি একাউন্ট খুলেই ফরম্যাট ইউজ করা যায়। আপনি যে সফটওয়্যার ইউজ করেন, স্ট্যাটা - আর - ম্যাটল্যাব - তা থেকে কিভাবে টেবিল, গ্রাফ আপনার রাইটিং সফটওয়্যারে নেবেন, এটা শেখা।

এগুলো সহজ কাজ, কিন্তু আগে থেকে জানতাম না বলে, পিএইচডিতে ঢুকে সব একত্রে শেখা অনেক কঠিন হয়ে গিয়েছিলো।

ফোর্থ, এবার আসা যাক, আসল রাইটিং এ। আমার ধারণা বাংলা মিডিয়ামে আমাদের যেভাবে ইংরেজি শেখানো হোতো, তার প্রথম কয়েকটা ঝামেলা হচ্ছে, ১) সেন্টেন্স যত কমপ্লিকেটেড, যত লম্বা, এবং/যদি/কিন্তু ভরা, তত ভালো, this is our perception। এটা ভুল। আমি আসলে লিখছি একটা অডিয়েন্সের জন্য যারা আমার মতই গবেষণা করে, তারা আমার একটা পেপারে হাজার ঘন্টা সময় দেবে না। লেখা ডাইরেক্ট হওয়া, সিম্পল হওয়া জরুরি। আমি আগে ছয়/সাত লাইন ধরে একটা বাক্য লিখতাম, নিজেই পড়ে পরে বুঝতে পারতাম না! আরেকটা ঝামেলা হোলো, প্যাসিভ ভয়েস ব্যবহার করা। লেখা যত পারা যায়, একটিভ ভয়েসে হওয়া উচিত। আমার রিসার্চ পেপারের প্রতিটা লাইনের দায় আমার, যদি প্যাসিভ ভয়েসে লিখি - অনেকটা মনে হয়, আর কেউ করে দিয়েছে, আমি ঠিক এইসব ভুল হলে দায়িত্ব নিচ্ছি না। এইদুটো জিনিস আমি এখন কেয়ারফুল থাকার চেষ্টা করি।

ফিফথ, আর্টিকেলের ব্যবহার। এটা আমি এখনো খুব কনফিউজ থাকি, কিন্তু খুব জরুরি একটা ব্যাপার। ইকনমিক্সে অন্তত লেখা প্রেজেন্ট টেন্সে রাখা প্রেফার করা হয়। প্রতিটা প্যারাগ্রাফের শেষের সাথে তার পরের প্যারাগ্রাফের শুরুটা যেন কানেক্টেড থাকে, খেয়াল রাখা। নাহলে মনে হবে জাম্পিং করে করে যাচ্ছে লেখা।

ষষ্ঠ, গ্রামার এর জন্য ভালো কিছু বই সংগ্রহে রাখা জরুরি। রাইটিং এর জন্য আলাদাভাবে The Craft of Research এবং Economical Writing পড়ানো হয় এইখানে গ্র্যাজুয়েট সকুলে। এই বইগুলো খুব ভালো।

সপ্তম, যত তাড়াতাড়ি সম্ভব লেখা শুরু করা। নিজের ভেতরে ভয়ের জন্য দেখা যায় লেখা নিয়ে আমরা প্রোক্রাস্টিনেট করি। লেখাকে ভালো করার প্রথম উপায় হচ্ছে সময় দেওয়া। আমার নিজের লেখাই পড়লে বুঝি যেটা সময় দিয়ে লেখা সেটা অনেক বেশি পঠনযোগ্য। রেজাল্ট হাতে না থাকলে কেবল ডাটা সেকশন, কেবল ব্যাকগ্রাউন্ড কিছু কিছু সেকশন লেখা শুরু করে দেওয়া। প্রয়োজনে অন্যদের সাথে গ্রুপ করে একত্রে লিখলে লেখার প্রতি দায়বদ্ধতা আসে।

অষ্টম, লেখা কিছুটা দাঁড় হওয়ার পর সাহায্য নেওয়া, অন্যদের ফিডব্যাক চাওয়া। লেখার মান নিয়ে লজ্জাবোধ থাকলে এই সাহায্য চাওয়া কঠিন। কিন্তু এটা খুব হেল্পফুল। আমার নিজের পিএইচডি প্রোগ্রামে রাইটিং ক্লাস ছিলো, তাতে অন্যদের ফিডব্যাক অনেক হেল্প করেছে।

নবম, আর কী - প্র্যাকটিস। যত বেশি ঘষামাজা করা যায়, ততই ভালো।

দেশের বাইরে আসার পর কি কি মাথায় রাখতে হবে?

বাইরে আসার জন্য অনার্স বা মাস্টার্সের পর কি কি কাগুজে প্রস্তুতি নিতে হয়, কিভাবে নিতে হয় - তার উপর অনেকগুলো হায়ার স্টাডিজ রিলেটেড ফেসবুক গ্রুপ আছে। বাইরে এসে পড়াশোনার প্রস্তুতি নিতে চাইলে এইসব গ্রুপে আন্ডারগ্র্যাড থার্ড ইয়ার/ফোর্থ ইয়ার থেকে জয়েন করে থাকা ভালো। দেশভেদে পরীক্ষা জিআরই, টোফেল, আইএলটিএস এর কোনো একটি বা দুইটি হতে হয়। এইসব পরীক্ষার প্রিপারেশন নিতে আমার হিসেবে ৪/৫ মাস সময় লাগে। প্রিপারেশন কিভাবে নিতে হবে, তা এইসব গ্রুপ থেকে ডিটেইলস জানা যাবে। বাংলাদেশের অনেক অধ্যাপক রেফারেন্স লেটার দিতে খুব ঝামেলা করেন, সুতরাং রেফারেন্স লেটারের জন্য আগে থেকে প্ল্যান করে রাখা ভালো। অর্থনীতির গ্র্যাজুয়েট স্কুলগুলো ফল সেমিস্টারে শুরু হয়, এর জন্য এপ্লিকেশন ডেডলাইন থাকে অক্টোবর-জানুয়ারি এর মধ্যে কোনো সময়। ক্রেডিট কার্ড এর এক্সেস লাগবে এপ্লাই করতে। প্রতিটি স্কুলে সব মিলিয়ে আপনার ১০,০০০ এর মত খরচ হতে পারে, আর জিআরই টোফেল সব মিলিয়ে ৪০,০০০ এর দিকে খরচ হতে পারে। সুতরাং, পুরো প্রসেসটা বেশ এক্সপেন্সিভ। কত লাগবে, কখন লাগবে এই হিসেবগুলো মাথায় রাখা জরুরি। আগে থেকে নিজেই কিছু সেইভ শুরু করে রাখাও ভালো। আমি প্রিপারেশন নিয়ে তেমন কিছু বলছি না। কারণ, এর উপর অনেক কথা ফেসবুকে, ইউটিউবে আছে।

আমি বরং দেশ ছাড়ার আগে পারসোনাল কিছু প্রিপারেশনের কথা বলতে চাই, কারণ সম্পূর্ণ নতুন পরিবেশে সব কিছুর চাপ সামলাতে না পেরে অনেক গ্র্যাজুয়েট স্টুডেন্টই ডিপ্রেশনে চলে যায়।

প্রথমত, দেশের স্কুল-কলেজে অনেক প্রেশারের মধ্যে থাকলেও বিশ্ববিদ্যালয় জীবনে পড়াশোনার সারাবছর চাপ খুব কমই থাকে। সেখানে থেকে বাইরে এসে হঠাত দিবারাত্র কাজের চাপ সহ্য করা কঠিন। এর জন্য কিছু মেন্টাল প্রিপারেশন নিয়ে আসা ভালো। সামারে দেশে থাকা অবস্থাতেই ইমেইল করুন আপনি যে

বিশ্ববিদ্যালয়ে যাচ্ছেন, সেখানকার সিনিয়র স্টুডেন্টদের। জানতে চান, কোন কোন টেক্সটবই লাগতে পারে। সিলেবাস পাওয়া সম্ভব কিনা। আপনি যদি এভাবে কিছুটা আগে থেকে গুছিয়ে রাখেন, তাহলে গিয়ে অথৈ সাগরে পড়বেন না। অন্তত আপনার প্ল্যান থাকবে কি কি করা লাগবে।

দ্বিতীয়ত, দেশে আমরা যারা বাবা-মা এর সাথে থেকে হঠাত বাইরে চলে আসি, অনেকেই নিজের ফাইন্যান্স, নিজের খাওয়াদাওয়া, জামাকাপড় ইত্যাদির হিসেব জানি না। এগুলো অভ্যাসের ব্যাপার, কঠিনও না; কিন্তু একেবারেই অভ্যাসে না থাকলে পড়াশোনার চাপের পাশে এত মেইনটেইন করা কঠিন হয়ে যায়। আপনি কিছু প্ল্যান করে আসুন, যেমন ব্রেকফাস্ট - লাঞ্চ - ডিনারে আপনার নিজের শরীর অনুযায়ী কি কি দরকার হয়। আপনি ১০ টা আপনার চলে এমন রেসিপি শিখে আসুন। প্রয়োজনে বাজারে গিয়ে অভ্যাস করুন, যাতে এসে একবার গ্রোসারিতে অনেক সময় না চলে যায়। আমার নিজের ক্ষেত্রে লিস্ট ধরে গ্রোসারি করা, প্ল্যান করে রান্না করা, আগে থেকেই এক সপ্তাহে কি কি খাবো ঠিক করে রাখা - এগুলো অনেক সাহায্য করেছে (এগুলো সব ঠেকে ধীরে ধীরে বোঝা কোন সিস্টেম ভালো)। লন্ড্রি মেশিন বাসাতেই থাকার কথা, অনেকের পাবলিক লন্ড্রিতে যেতে হতে পারে। সেটা উইকএন্ডে ব্যবস্থা করে রাখা ভালো।

মোটকথা, পড়াশোনার বাইরের অন্যান্য রেগুলার কাজগুলোকে সিস্টেমে এনে ফেললে আপনার সময় কম নষ্ট হবে। এইসব দেশে বাইরের খাবার অনেক দামি, আপনি যদি বাইরে খেতে চান প্রথম দিকে - সেটা খারাপ মানের খাবার হয়ে যেতে পারে। তাই, নিজে এই সিস্টেম ঠিক করে রাখা এবং নতুন জিনিসে ওপেন থাকা জরুরি। যেমন, আমি কাজের চাপের মধ্যে বাঙালি রান্না বাদ দিয়ে চাইনিজ স্যুপ, ন্যুডলস এগুলো বেশি করি। এতে আমার ১০/১৫ মিনিটের বেশি লাগে না। প্রথম কয়েক মাস ফাইন্যান্সিয়ালি আপনার খুব "টাইট" লাগতে পারে। ধীরে ধীরে সব সিস্টেমে এসে যাবে। নর্থ আমেরিকায় গ্রোসারিতে ভালো মানের খাবার আপনি বেশ এফোর্ড করতে পারবেন।

তৃতীয়ত, বাংলাদেশি অনেকেই দেশের বাইরে এসে কেবল দেশি কমিউনিটি খুঁজে বেড়ায়। আমি তাদের সমালোচনা করছি না, এটা পারসোনাল চয়েস। কিন্তু আপনি যদি গ্রো করতে চান, আমার কাছে অন্য দেশের মানুষ দেখা, তাদের কালচার সম্বন্ধে জানা, শেখা এগুলো খুব জরুরি মনে হয়। হঠাত কোনো মানুষের সাথে কি কথা বলবেন, এই নিয়ে বই আছে অনেক। তবে একাডেমিয়াতে একটা সাধারণ কথা হচ্ছে, মানুষ সবসময় তার রিসার্চ নিয়ে কথা বলতে পছন্দ করে। আপনি যদি কাউকে জিজ্ঞেস করেন, সে এখন কি নিয়ে কাজ করছে, মানুষ নিজেই অনেক ডিটেইলস শুরু করে দেবে। আমি বাংলা মিডিয়ামে পড়া, ঢাবিতে পড়া; দেশের বাইরে এসে অনেক আনকমফোর্টেবল লাগতো, এক্সেন্ট ভাষা এইসব নিয়ে। কিন্তু আপনি যত বেশি কথা বলবেন, তত শিখবেন কিভাবে কমিউনিকেট করতে হয়। দেশী পার্টিগুলোতে যে স্কিল আপনার তৈরি হবে না। আপনি আপনার সহনক্ষমতা অনুযায়ী নিজের কমিউনিটি তৈরি করুন।

ফোর্থ, একাডেমিয়ার সাথে আপনার প্রথম সংযোগ তৈরি হয় আপনার ক্লাসমেট আর কোর্স টিচার, টিএ এদের মাধ্যমে। যত বেশি পারুন, নিজেকে এস্টাবলিশ করার চেষ্টা করুন। আপনি এম্প্যাথেটিক, সেনসিটিভ, হেল্পফুল হলে মানুষ আপনাকে এমনিতেই গ্রহণ করবে। কমিউনিটির কাজ - যেমন, সেমিনার এটেন্ড করা, ফ্রাইডে গ্যাদারিং এ যাওয়া, ক্লাসমেটদের সাথে আউটিং এ যাওয়া - এগুলো এটেন্ড করুন। হোমওয়ার্ক গ্রুপ বেঁধে সবার সাথে করার চেষ্টা করুন। ক্লাসে অন্য অনেকে আপনার চেয়ে অনেক স্কিল্ড থাকতেই পারে, এদের সাথে নিজেকে কম্পেয়ার করে আমাদের তো আর দিন যাবে না। বরং, দেশে থাকতে আপনি কি জানতেন এবং বাইরে আসার পর প্রতিদিন কতটা শিখছেন, এটাই গুরুত্বপূর্ণ। ডিপ্রেসনের প্রথম

লক্ষণ হচ্ছে, নিজেকে আলাদা করে নেওয়া। এটা করা থেকে বিরত রাখুন নিজেকে। মানুষের সাহায্য চান, দরকার হলে ক্যাম্পাস থেরাপিস্টের কাছে যান। নিজেকে আইসোলেটেড করে ফেললে অনেক অসুবিধা হবে।

বাংলাদেশের মানুষের একটা কমন সমস্যা হচ্ছে নিজের কথা বলতেই থাকা (নিজের জীবন নিয়ে নালিশ করতেই থাকা-বাংলায় ঘ্যানরঘ্যানর বলা যেতে পারে)। এইসব পারসোনালিটি সমস্যা থেকে যত তাড়াতাড়ি সম্ভব বের হয়ে আসার চেষ্টা করা উচিত আমাদের। আপনার শেখার আগ্রহ আছে - এই কথা প্রফেসরদের দৃষ্টিতেও আসা প্রয়োজন। অফিস আওয়ারে যাওয়া, ক্লাসে ডিসকাশনে অংশ নেওয়া ইত্যাদি অনেক হেল্পফুল। বাইরের ইউনিভার্সিটিগুলো অনেক রিসোর্সফুল। আপনি সেমিনার, ওয়ার্কশপ, কিংবা সন্ধ্যায় অফিসে থেকে অন্য গ্র্যাজুয়েট ছাত্রদের সাথে আড্ডাতেই অনেক কিছু শিখবেন। মাস্টার্স করতে আসলে গিয়ে পিএইচডি স্টুডেন্টদের সাথে কথা বলুন। তাদের এক্সপেরিয়েন্স জানতে চান। দেখুন, মানুষ কিভাবে কাজ করছে - কি নিয়ে কাজ করছে। মানুষের একটা কমন বৈশিষ্ট্য হচ্ছে, সে যা নিয়ে এক্সাইটেড, তা নিয়ে কেউ প্রশ্ন করলে সে খুশি হয়। এই হিউম্যান ন্যাচারকে বুঝে একে কাজে লাগানোর চেষ্টা করলে অনেক কিছু শেখা সম্ভব।

বিদেশে পৌঁছানোর পর - মাস্টার্সে প্রথম সেমিস্টারে কোর্স সামলানো

****

ইকনমিক্সের স্টুডেন্ট হিসেবে নর্থ আমেরিকায় আপনাকে পৌঁছাতে হবে অন্যদের ক্লাস শুরুর কয়েক সপ্তাহ আগে। মাস্টার্স এবং পিএইচডি দুইজায়গাতেই ইকনমিক্সে ম্যাথ ক্যাম্প থাকে, যেটা স্কুল অরিয়েন্টেশনের দুই/তিন সপ্তাহ আগে থেকেই শুরু হয়। আমি প্রথমে মাস্টার্স এবং পরে পিএইচডি এর কোর্স ওয়ার্ক নিয়ে কিছু ধারণা দেওয়ার চেষ্টা করবো। স্বীকার করে নেওয়া ভালো, এটা খুবই জেনেরিক ধারণা কিন্তু। বাংলাদেশে আমাদের ইউনিভার্সিটিগুলোতে পড়ানোর স্টাইলের সাথে কিছু ফান্ডামেন্টাল গ্যাপ আছে উন্নত বিশ্বের পড়ানোর স্টাইলে যেটা আগে থেকে জেনে রাখা সুবিধার হতে পারে।

মেইনস্ট্রিম ইকনমিক্সে গেলে আমাদের সবার জন্যই - যতই কোমর বেঁধে পড়াশোনা করে আসুন না কেন - ম্যাথ আর স্ট্যাট ক্লাসে কিছুটা চোখ কপালে উঠবেই। প্রবলেম সেট, মিডটার্মের চাপে মোটামুটিভাবে সপ্তাহে ঘুমানোর সময় বাদে বাকি সময় পড়াশোনাই করতে হবে হয়তো প্রথমে সামলে নিতে। প্রথমে কিছুদিন ফ্রাস্টেশনের মাত্রা চরমে পৌঁছাতে পারে, কিন্তু লেগে থাকলে ধীরে ধীরে সবই স্বাভাবিক লাগতে শুরু করবে। শেষ পর্যন্ত, এগুলো কেবল একটা ল্যাঙ্গুয়েজ।

ম্যাথের ক্ষেত্রে আমি যেমন টপিক সবই আসলে জানতাম, রিয়েল এনালাইসিস আমার জন্য নতুন ছিলো না। কিন্তু আমি কিভাবে একটা প্রবলেম সহজে সল্ভ করতে হয় সেটা জানতাম না। পরিসংখ্যানের থিওরিতেও একই ব্যাপার। ব্যাপারটা কিছুটা হাস্যকরও, থিওরি সবই জানি কিন্তু এপ্লাই করে প্রবলেম সলভ করতে হয় সেই সম্বন্ধে কোনও ধারণা নেই - এই রিক্লেকশন অদ্ভুত লেগেছিলো। এই গ্যাপটা কাটাতে বেশ কিছু সময় এবং অনেক পরিশ্রম দিতে হয়। নিচের পয়েন্টগুলো আপনাকে কিছুটা সামাল দিতে সাহায্য করবে বলে ধারণা করছি।

প্রথমে গিয়েই স্টাডি পার্টনার খুঁজে নেওয়াটা আমার প্রথম এডভাইস। বিশ্ববিদ্যালয় জীবন দেশে যেমন হাত পা ছড়িয়ে কাটানো যায়, সেভাবে নর্থ আমেরিকায় হয় না। এখানে উইক ওয়ার্কের আইডিয়া খুব কঠোর। আমরা দেশে ডেইলি প্রোডাক্টিভিটির কথাই শুনিনি। একেবারে পরীক্ষার আগের কয়দিন ছাড়া কে ৭/৮ ঘন্টা পড়াশোনা করতো? বিশ্ববিদ্যালয়ে ভালো রেজাল্ট করেই অন্য অনেক কিছু করে বেড়ানো যেতো।

আবার অন্যভাবে দেখলে আমেরিকার উইকএন্ডের আইডিয়া, সামারের আইডিয়াও আমাদের নেই। কাজের সময় কাজ, খেলার সময় খেলা - এটা আমেরিকান সমাজের একটা অন্যতম অংশ। আমাদের সামাজিক কাঠামোর তুলনায় কাজের ডিমান্ড এখানে বেশি। প্রফেসররা প্রতি সপ্তাহে আশা করবে আপনি কয়েকটি বড় এসাইনমেন্ট শেষ করবেন। স্টাডি গ্রুপ ছাড়া এই কাজ একা শেষ করতে চাওয়া বোকামি। আবার, স্টাডি গ্রুপ মানে আপনি আগে একা চেষ্টা করবেন এবং তারপর অন্যদের সাথে আলোচনা করবেন এবং নিজের কনসেপ্ট ক্লিয়ার করবেন। কনসেপ্ট ক্লিয়ার না করে উত্তর বের করে পার পেয়ে যাওয়া যায় না।

আপনার প্রায় সমান ক্যাপাসিটির এবং এম্বিশনের কেউ স্টাডি পার্টনার হলে বেশি সুবিধা। আগের বছরের প্রশ্নগুলো সিনিয়র স্টুডেন্ট বা অন্য ছাত্রদের কাছে থেকে নিন। প্রথমেই গুগল করবেন না, খুব বাজে অভ্যাস। প্রথম সাজেশন হবে এসএসসি বা এডমিশন টেস্টের আগের কয় মাস যেভাবে আদাজল খেয়ে পড়েছিলেন, ওইরকম শিডিউলে জীবন নিয়ে আসা। নোটবুক রাখুন, সব মিটিং ক্লাস অন্যসব বাদ দিয়ে কয় ঘন্টা থাকে হাতে? কখন কোনটা করবেন সব হিসেবে আনুন। ক্লাস টাইম, বাজারে যাওয়া, লন্ড্রি করা ইত্যাদি সময় ক্রস

আউট করে রাখুন। নিয়মে জীবনে ফেলাটাই বোধহয় প্রথম টার্গেট হওয়া দরকার। কোন সময় আপনার ব্রেইন সবচেয়ে সচল থাকে? সেই সময়টা কঠিন কাজগুলোর জন্য আলাদা করে রাখুন।

কোর্স প্রিপারেশনের ক্ষেত্রে প্রবলেম সলভিং এর আইডিয়াটাই সবচেয়ে গুরুত্ববহ। মাইক্রোতে রিয়েল এনালাইসিস, ম্যাক্রোতে ক্যালকুলাস, ইকনমেট্রিক্সে স্ট্যাট এই তিন প্রবলেম সলভিং এর ধারাটা বুঝতে নিজেকে কিছুদিন সময় দিন। শিক্ষকভেদে পরিবর্তন কিছু হবেই - সিলেবাস দেখে সামারে দেশের বাইরে আসার আগেই কিছু বই কিনে সাথে নিয়ে আসুন। এখানে টেক্সটবই অনেক দামি, এবং সস্তারটা পাওয়ার রাস্তা খুঁজতে বেশ কিছু সময় লাগে। প্রয়োজনীয় বই সাথে রাখা অনেক সময় বাঁচিয়ে দেবে। কিছু নোটবই, কলম নিয়ে আসতে পারেন। ভালো ক্লাস নোটবুক অনেক দামী এই দেশে।

মাস্টার্সে কোর কোর্সগুলোর বাইরে কিছু ফিল্ড কোর্স নিতে হবে। ফিল্ড কোর্সগুলোর সবচেয়ে এফেক্টিভ ব্যবহার হচ্ছে রিসার্চের ক্ষেত্র, আপনি কিসে আগ্রহী - কিসে কাজ করতে চান যদি রিসার্চ লাইনে আসেন (বা পলিসি লাইনে যান) এগুলো বুঝতে। আমি সাইমন ফ্রেজারে টেরি হিপসের ন্যাচারাল রিসোর্স ইকনমিক্স নিয়েছিলাম। এছাড়া বিহেভিয়ারাল ইকনমিক্স, ফাইন্যান্সিয়াল ইকনমিক্স এগুলোও কিছুটা সাহায্য করেছিলো কি পড়তে ভালো লাগে কি লাগে না বুঝতে। মাস্টার্সেই আমি প্রথম একাডেমিক জার্নালের আর্টিকেল পড়া শুরু করি। জার্নাল আর্টিকেল কিভাবে পড়তে হয় সেটা শেখার জন্যও ফিল্ড ক্লাসগুলো জরুরি। এই ফিল্ড ক্লাসগুলো কিছু লক্ষ্য নিয়ে শুরু করা উচিত। এই ক্লাস থেকে আপনি কি শিখতে চাচ্ছেন, পেপার রিকোয়ারমেন্ট থাকলে সেটা কোনদিকে নিতে চাচ্ছেন - এই কথাগুলো মাথায় থাকলে প্ল্যান করতে সুবিধা।

মাস্টার্সে গেলে প্রথম সমস্যা এটাই যে এখানে খুব ভালো করতে হয় ভালো রেকমেন্ডেশন লেটার চাইলে। কয়েকটা জিনিস মাথায় রাখতে পারেন, যেগুলো আমি জানতাম নাঃ

১) কোনো একজন প্রফেসরের কাজ আলাদাভাবে ভালো লাগলে বা তাঁর কাছে রেকমেন্ডেশন নিয়ে ভালো কোথাও প্লেসমেন্ট পাওয়া যাবে মনে হলে তাঁকে আলাদাভাবে কনভিন্স করার চেষ্টা করতে পারেন। আলাদাভাবে কনভিন্স করার একটা উপায় হচ্ছে তাঁর কোর্স নেওয়া, আরেকটা উপায় হচ্ছে রিসার্চ এসিস্ট্যান্টশিপের কাজ করা। আমি সাইমন ফ্রেজারে অনেককে ফ্রিতে এসিস্ট্যান্টশিপ করতে দেখেছি রিলেশনশিপ তৈরির জন্য (ভলান্টারি)। কয়েক মাস ভলান্টারি কাজ করলে আপনার সম্বন্ধে শিক্ষকদের ভালো ধারণা তৈরি হবে, এবং আপনিও বুঝতে পারবেন রিসার্চের ধাপগুলো।

২) ফিল্ড কোর্সগুলোতে রিসার্চ পেপার লিখতে বলবে। এটাকে ব্যবহার করতে পারেন কোন ফিল্ডে যেতে চান বোঝার জন্য। শিক্ষকেরা রিসার্চে ভালো ছাত্রদের নিজেরাই সিলেক্ট করেন অনেকসময় এবং অন্যান্য অপরচুনিটি পেতে সাহায্য করেন। এপ্লাই করতে চাইলে আগে থেকে শিক্ষকদের সাথে যোগাযোগ শুরু করুন।

যে একটি ভুল আমি করে এসেছি এত কিছু সামলাতে গিয়ে হিমশিম খেয়ে সেটা হোলো কাপের পর কাপ কফির উপর দিনযাপন করেছি। আপনি শরীরের যত্ন নিন। গ্রোসারি রান্নার জন্য আলাদা সময় রাখুন। এই পর্যায়ে বাইরে খাওয়া কঠিন হতে পারে, খুব দামি খাবার মনে হতে পারে।

সমস্যা হচ্ছে বুঝতে পারলে যত তাড়াতাড়ি সম্ভব শিক্ষকদের জানান। দেশীয় লজ্জা থেকে বের হয়ে আসুন। আপনার শিক্ষকেরা এবং স্কুল চায় যে আপনি সাকসেস্ফুল হন, এরা পারতপক্ষে কারো সাথে জাজমেন্টাল টোনে কথা বলে না। আপনি সমস্যা যত তাড়াতাড়ি বুঝতে পারবেন, আপনার সমাধানের সুযোগ ততই বাড়বে।

এবার কিছু অন্যদিকের সাজেশন প্রথম সেমিস্টারের জন্যঃ

১) অন্য দেশের মানুষের সাথে কথা বলুন, মিশুন - দেশি মানুষ খুঁজে একত্রে দল করে থাকার বিশ্রী অভ্যাস বাংলাদেশিদের আছে। অন্তত স্যোশাল সায়েন্সের ছাত্রদের অবশ্যই অন্য কালচার জানাবোঝার প্রতি আগ্রহ থাকা উচিত।

২) এক্সপ্লোর করুন। এইসব দেশে আপনি যে বিশ্ববিদ্যালয়েই আসুন, ইউনিভার্সিটির লাইব্রেরি/ জার্নাল এক্সেস ইত্যাদির অনেক সুবিধা, দেখুন। এক্সপ্লোর করাই আপনার কি ভালো লাগে, সেটা বুঝতে পারার প্রথম ধাপ। হালকা পছন্দের চলনসই একটা রিসার্চ টপিকের কাছে নিজেকে সারেন্ডার করার মানে হয় না।

৩) ডিপার্টমেন্টে সেমিনার এটেন্ড করা একজন ছাত্র হিসেবে আপনার কর্তব্য। অন্যের রিসার্চ দেখার চেয়ে সহজে রিসার্চ লাইন বোঝার উপায় নেই।

এই পয়েন্টগুলো নিয়ে পরে আরো কথা হবে। তবে আপাতত, প্রথম দুই-এক সেমেস্টার খুব কঠিন লাগতে পারে - একবার উতরে গেলে আর কঠিন লাগবে না।

কিভাবে মাস্টার্সে গবেষণার ক্ষেত্র ঠিক করবেন

নর্থ আমেরিকান স্কুলে মাস্টার্স করতে এসেই কোর্স নিয়ে যে ঝামেলাগুলো হতে পারে এবং কিভাবে তা সামাল দেওয়া সম্ভব, এই নিয়ে আলোচনা করছিলাম। এখন কন্টিনিউ করছি কোর্স - পরীক্ষা ভিত্তিক ভীতি বাদ দিয়ে অন্য দিক নিয়ে; এরপর আমার কাছে মূল বিষয় হচ্ছে গবেষণার ক্ষেত্র ঠিক করা। আমি এটাকে "কম্পেয়ারেটিভ এডভান্টেজ" এর দিক দিয়ে দেখি। মূলত খুঁজে বের করা আমার কম্পেয়ারাটিভ এডভান্টেজ কিসে কিসে আছে। আমি কি নিয়ে চিন্তা করে সামনের ২০/৩০/৪০ বছর কাটিয়ে দিতে বিরক্ত হবো না!

এর প্রথম ধাপটি উন্নত বিশ্বে আসলে আন্ডারগ্র্যাডেই শেষ হয়। আমার একেকটি ছাত্র পুরো ক্যাম্পাসে প্রায় ৫/৬ টি ক্লাস নেয় প্রতি সেমেস্টারে। আশেপাশে অন্য বিশ্ববিদ্যালয়ে গিয়েও ক্লাস নিতে পারে যদি সেই ক্লাস আমার ইউনিভার্সিটিতে না থাকে। এক্সপোজার আমাদের দেশে কম - এখন কি অবস্থা জানি না, আমাদের সময় ঢাবিতে ইকনমিক্সে আমরা প্রতি বছর ৩/৪ টি ক্লাস নিতাম। এবং, অবশ্যই, অন্য বিশ্ববিদ্যালয় তো দূরের কথা - অন্য বিভাগে গিয়েও ক্লাস নিতে পারতাম না।

এই এক্সপোজারের ঘাটতি মিটিয়ে আমি কোন দিকে যেতে চাই - কোন দিকে গেলে আমার ফুল পটেনশিয়ালে কাজ করতে পারবো বোঝার জন্য ফিল্ড ক্লাসগুলো জরুরি অর্থনীতিতে। স্যোশাল সায়েন্সে ইন জেনারেল ফিল্ড কোর্সের ভূমিকা অনেক বেশি, কারণ আমরা ন্যাচারাল সায়েন্সের মত ল্যাব ভিত্তিক না। ফিল্ড কোর্সের বাইরে ডিপার্টমেন্টের সেমিনার সিরিজ, ব্রাউন ব্যাগ সেমিনার এটেন্ড করা জরুরি। ফিল্ড ক্লাস মূলত এপ্লাইড মাইক্রো, এপ্লাইড ম্যাক্রো - এর বাইরে কেউ কেউ বিজনেস ডিপার্টমেন্টে গিয়ে ফাইন্যান্স ইত্যাদি ক্লাসও নেয়। মাস্টার্সের ক্ষেত্রে আপনাকে এমন ৩/৪ টি ক্লাস নিতে হবে। আমি নিয়েছিলাম বিহেভিরাল ইকনমিক্স, ফাইন্যান্সিয়াল ইকনমিক্স, ন্যাচারাল রিসোর্স ইকনমিক্স, মনিটারি ইকনমিক্স। এরমধ্যে পরবর্তীতে আমার পিএইচডি ফিল্ড হয় ন্যাচারাল রিসোর্স ইকনমিক্স।

ফিল্ড কোর্সগুলোতে প্রথমে আপনাকে শেখাবে কি করে জার্নাল আর্টিকেল পড়তে হয়, বুঝে রিসার্চের বর্তমান অবস্থা বের করে তার থেকে নতুন রিসার্চ প্রশ্ন বের করতে হয়। এই কাজটা একদুই দিনে ধরতে পারার মত কাজ না। তবে, কিছু প্র্যাকটিক্যাল সাজেশন মেনে চললে সময় নষ্ট কম হবে। প্রতিটি ফিল্ড কোর্সেই রেফারি রিপোর্ট লিখতে হয়, পেপার লিখতে হয় কিংবা প্রপোজাল লিখতে হয়। ক্লাসে সেটা প্রেজেন্ট করতে হয়। এই ধাপগুলোই কিন্তু মোটামুটি একাডেমিয়ায় গেলে সারাজীবন প্রতিদিন করে যেতে হবে। তাই, এই কোর্সগুলো ভালো জায়গা বোঝার জন্য যে এই লাইন আসলে আপনার জন্য "গুড ফিট" কিনা। পেপার কিছু প্রফেসরই সাজেস্ট করবেন প্রথমে শুরু করার জন্য, কিন্তু এর পর অধ্যাপকের সাথে আলোচনা করে, সিনিয়র পিএইচডি স্টুডেন্টদের সাথে আলোচনা করে আপনাকে ধীরে ধীরে গভীরে যেতে হবে। প্রথম কোথায় থেকে শুরু করবেন বুঝতে না পারলে টপ জার্নাল থেকে শুরু করে এরপর রেফারেন্স বা বিবলিওগ্রাফি ধরে আগাতে পারেন। প্রফেসরকে "এই লাইনের টপ রিসার্চার কারা" প্রশ্ন করেও অনেক নাম পেয়ে যাবেন।

রিসার্চ ব্যাপারটা আনন্দের। এবং, বলাই বাহুল্য, আনন্দ নিয়ে পড়াশোনার অভ্যাস আমাদের দেশে নেই। এই সম্পূর্ণ নতুন একটা ধারণায় ঢোকার জন্য আমার ক্ষেত্রে সাইমন ফ্রেজারে আমার সিনিয়র পিএইচডি স্টুডেন্টদের অনেক বড় ভূমিকা ছিলো। আমার ডিপার্টমেন্টে খুব একটিভ একটা কমিউনিটি ছিলো। আমরা অনেকেই সারাদিন অফিসেই থাকতাম। সকালে তিন বেলার খাবার প্যাক করে চলে আসতাম, রাতে এমনকি বহুদিন শেষ বাস ধরে ফেরত গিয়েছি রাত দেড়টায়। দুইচার দিন সারারাতও থেকেছি কাজের চাপে। ওইকালে মেন্টাল হেলথ নিয়ে তো আর জানতাম না, থেরাপিস্ট এর কাছে যাওয়ার কথাও কেউ বলেনি। এই স্কুলমেট গ্রুপটাই বিভিন্ন সময় থেরাপিস্ট, মেন্টর, এডভাইজার ইত্যাদির কাজ করেছে। বারবার বলে গিয়েছে যে আমার সাথেও হয়েছে এমন, চিন্তা কোরো না। লেগে থাকো, একাডেমিয়ায় একটু প্রেশার থাকেই। ক্লান্তিহীন বলে গেছে সব অবস্থাতেই। টেকনিক্যাল অনেক ব্যাপারে পড়াশোনাতেও সাহায্য করেছে। গ্র্যাজুয়েট সকুলে কোহোর্ট খুব গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। মানুষ যে এত আনন্দ নিয়ে কেবল নতুন কিছু জানবে এইজন্য দিনের পর দিন খেটে যেতে পারে, এটা আমার সিনিয়র কিছু পিএইচডি স্টুডেন্টের কাছে প্রথম দেখা। তাই, আমার কাছে মনে হয়, এই রিলেশনগুলো বিল্ড আপ করা, ডিপার্টমেন্টের শিক্ষক এবং স্টুডেন্টদের কাছে থেকে জানা - জানার আগ্রহ দেখানো - এগুলো খুব গুরুত্বপূর্ণ আপনার পরবর্তী জীবনের জন্য।

ফিল্ড কোর্স এর পেপার যদি কোয়ালিটি ভালো হয়, আপনি পাবলিশের কথা ভাবতে পারেন। পাবলিকেশন প্রসেসের মধ্যে যত আগে যাওয়া সম্ভব, ততই ভালো। এই ব্যাপারটাতে এত এডমিনিস্ট্রেটিভ ধাপ যে সেটা শিখতেও অনেক সময় লাগে। কিন্তু, আমি মূলত বলবো, মাস্টার্সের ফিল্ড কোর্স এবং পেপার লেখা/পড়ার

অভ্যাসগুলো থেকে বোঝার চেষ্টা করুন - আপনি কোন ফিল্ডে নতুন কিছু করার মত স্ট্যামিনা রাখেন? কোন রাস্তায় গেলে আপনার কিছু কম্পেয়ারাটিভ এডভান্টেজ থাকবে যেটা আপনাকে একাডেমিয়ায় এস্টাব্লিশ করতে পারবে? আমি দেশ থেকে মাইক্রোফাইন্যান্সের উপর কাজ করবো ভেবে এসেছিলাম, আমাদের অনেকেই এভাবেই এসেছি - এটা আসলে কাজের কথা না। আর কতদিন বাংলাদেশি অর্থনীতির ছাত্ররা মাইক্রোফাইন্যান্স নিয়ে গুঁতাগুঁতি করবে!

আমি দেশে থাকতে একটা এসিস্ট্যান্টশিপ করতাম (২০১০-২০১১) কিছু মাস, সেটা মাইক্রোফাইন্যান্সের উপর ছিলো। আমার এর বাইরে রিসার্চের আইডিয়াই ছিলো না। মাইক্রোফাইন্যান্সের মধ্যে থেকে যে আইডিয়াগুলো ছিলো, তাও খুবই চাইল্ডিশ।

আমি সাইমন ফ্রেজারে মাস্টার্স করতে করতেই ঠিক করি ন্যাচারাল রিসোর্স লাইনে যেতে চাই। মূলত এটাই বলতে চাইছি - মাস্টার্সে বাইরে গেলে রিসার্চের ফিল্ডটা খুঁজে বের করা একটা প্রথম দায়িত্ব।

পিএইচডিতে ঢোকার আগে ব্রড রিসার্চ আইডিয়া থাকাটা দরকার। এমনকি পিএইচডি স্কুল ঠিক করার জন্যও দরকার বের করা কি কি ফিল্ড আপনাকে বেশি এট্রাক্ট করছে। কয়েক দশক আগেও যেভাবে বলা হোতো "ডেভেলপমেন্ট ইকনমিস্ট" - মানে, একজন ইকনমিস্ট যিনি ডেভেলপিং দেশগুলোর সব নিয়েই কাজ করেন। সেই চিন্তাধারাটাও বদলাচ্ছে। অন্তত কিছু ফিল্ডের আইডিয়া নিয়ে না ঢুকলে পিএইচডিতে "লস্ট" হয়ে যাওয়ার প্রোবাবিলিটি অনেক বেশি বলে মনে করি!

ইকনমিক্স গ্র্যাজুয়েট স্কুল নিয়ে আলাদাভাবে কথা বলাটা জরুরি কারণ স্টেমের সাথে ইকনমিক্সের অনেক পার্থক্য। ইকনমিক্স পিএইচডি ল্যাব-বেইজড না, একজন বা দুইজন এডভাইজারের আন্ডারে মোটামুটি একাই কাজ করতে হয়। এই সিস্টেমটা বোঝা, জানা এবং এর সাথে নিজেকে এডজাস্ট করার জন্য কিছু কথা মাথায় রাখা দরকার।

প্রথমত, ভালো ছাত্র হওয়ার বাংলাদেশী দর্শন এবং ভালো গবেষক হওয়ার দর্শন আকাশপাতাল ভিন্ন। সিলেবাসভিত্তিক "ভালো" ছাত্র ব্যাপারটা "ভালো" গবেষক হওয়ায় তেমন সাহায্য করে না। বাঁধাধরা সিলেবাসের বাইরে চিন্তা করতে পারার ক্ষমতাটা গবেষণায় ঢুকতে যাওয়ার একটা প্রিডিটারমিনেন্ট - যেটা আমাদের দেশের শিক্ষাব্যবস্থায় অনেকটা অনুপস্থিত। এই কাজটাই প্রথম কয়েক সেমেস্টারে ফিল্ড ক্লাস, সেমিনার, কনফারেন্স এক্সপোজার দিয়ে মেটানো যেতে পারে। মেটানো গেলো কি গেলো না এর চেয়েও বড় কথা এটা বুঝতে পারা যে আপনি সারাজীবন এ+ স্টুডেন্ট ছিলেন দেশে, তার মানে অটোমেটিক্যালি এই না যে আপনি খুব ভালো একজন গবেষকে রাতারাতি পরিণত হবেন। প্যাশেন্স ব্যাপারটার অনেক বড় ভূমিকা এই ট্রানজিশনে। গবেষণায়

অনেকবার ফেল করাটাই স্বাভাবিক। যেমন, আমার এক অধ্যাপক বলেছিলেন, তোমার ৭ টা প্রজেক্ট রানিং থাকলে ২ টা হয়তো শেষ পর্যন্ত পেপারে পরিণত হবে।

দ্বিতীয়ত, প্রফেশনালিজম - আমি একটা খুব সাধারণ উদাহরণ দেই। আমাদের স্যোশাল কন্সট্রাক্ট এর কারণে আসলে অনেক সমস্যা হয় - আমরা "বড়"দের শ্রদ্ধা করি, "ছোটো" দের স্নেহ করি ইত্যাদি। এর সবটা ভালো বা খারাপ তা নিয়ে কথা বলা আমার উদ্দেশ্য না। কিন্তু, এই ইন্সটিটিউশনে বড় হওয়ার কারণে আমাদের জন্য "বড়"দের সাথে ডিবেট করাটা কঠিন হয়ে যায়। অথচ, স্কলারলি দুনিয়ায় বড়ছোটো বলে কোনো কথা নেই। যেই হোক, কারো কথা চিন্তা না করে মেনে নেওয়াটাই খারাপ অভ্যাস। এই স্যোশাল কনস্ট্রাক্ট মাথায় রাখা জরুরি। যেমন, আমি প্রথমদিকে অনেকদিন অনেককিছুতে "হ্যাঁ" বলে মাথা নেড়ে গেছি এই ভয়ে যে কি না কি হবে যদি আমার আপত্তি জানাই!

কিন্তু আসলে কিছুই হয় না। এডভাইজার, প্রফেসররা চান আপনি প্রশ্ন করুন। ডিবেট করুন। রেস্পেক্টফুল হওয়া আর পিওপল প্লিজিং হওয়া আলাদা ব্যাপার। রিসার্চে এই কথাগুলো মাথায় রাখা দরকার। পছন্দ না করলেও রিসার্চ প্রজেক্টে "হ্যাঁ" বলাটা চূড়ান্ত মাত্রার বোকামি।

তৃতীয়ত, প্রফেসরদের সাথে রিলেশন বিল্ড করা - এটা কেবল তাদের ক্লাস নিয়ে ভালো গ্রেড পাওয়া না। আপনি কোনও প্রফেসরের রেকমেন্ডেশন লেটার চাইলে নর্থ আমেরিকান স্কুলগুলোতে কিছু স্টেপ ফলো করতে পারেন - দেখানোর জন্য যে আপনি একাডেমিয়ার ক্ষেত্রে সিরিয়াস।

১। অবশ্যই গ্রেড উপরের দিকে রাখাটা একটা বড় দিক।

২। ক্লাসের ক্ষেত্রে প্রিপেয়ারড হয়ে থাকা এবং ক্লাসে প্রশ্ন করা, ইন্টারেক্ট করা

৩। ব্রাউন ব্যাগ, ডিপার্টমেন্ট সেমিনার এটেন্ড করা - প্রশ্ন করা

৪। যদি রিসার্চ পেপারের অপশন থাকে, তাহলে এডভাইজার হতে অনুরোধ করা

গ্র্যাজুয়েট স্কুলের জন্য রেকমেন্ডেশন লেটার এরা অনেক চিন্তা করে লেখে। ভালোভাবে আপনাকে না চিনলে এভারেজ কথাবার্তা থাকবে লেটারে, আপনি যে একজন কিউরিয়াস রিসার্চার হওয়ার ক্ষমতা রাখেন, এটা তাদের বোঝাতে হবে আপনাকেই। এবং, কাজটা করতে হবে ভিজিবল একশন দিয়ে। প্রশ্ন করে, উত্তর দিয়ে, ডিপার্টমেন্টের রিসার্চ কমিউনিটিতে কন্ট্রিবিউট করে - এগুলোই মূলত রিসার্চাররা সিগনাল হিসেবে দেখেন।

টিচিং এসিস্ট্যান্টশিপ সামাল দেওয়া

আমি মাস্টার্সের উপর লেখা শেষ করতে চাচ্ছি কোর্স, পরীক্ষা এবং রিসার্চের বাইরে একটা গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে। আপনি যদি নর্থ আমেরিকান স্কুলে ফান্ডিং পেয়ে থাকেন ইকনমিক্সে মাস্টার্স করার জন্য, তাহলে এটা মূলত রিসার্চ বা টিচিং এসিস্ট্যান্টশিপের সাথে যুক্ত থাকবে। আপনাকে হয়তো আসার আগে সামারে জিজ্ঞেস করতে পারে আপনি কি ক্লাসে টিএশিপ করতে বেশি আগ্রহী। যে টাকা আপনাকে এই ফান্ডিং থেকে দেবে, তাতে মোটামুটি চলে যাবে আপনার খরচ (একার ক্ষেত্রে)। বুঝেশুনে খরচ করলে কিছু জমানোও সম্ভব, আমি পিএইচডি এপ্লিকেশন ইত্যাদির খরচ মাস্টার্স থেকেই জমিয়েছিলাম।

হঠাত করে বাইরের একটা দেশে এসে বিশাল কোর্সলোড সামলে, তারপর পড়িয়ে নিজেকে ঠিকঠাক জিইয়ে রাখাটা সহজ ব্যাপার না। অন্তত আমার জন্য সহজ ছিলো না। মাস্টার্সে আমার ফান্ডিং সোর্স ছিলো টিচিং এসিস্ট্যান্টশিপ। আমি এর আগে কোনোদিন ক্লাসে পড়াইনি, এবং প্রচণ্ড ইন্ট্রোভার্টও ছিলাম ওই কালে। প্রথমদিন ক্লাসে ঢুকে ছাত্রের সামনে পুরো লেকচার ইংলিশে দেওয়া - আমার জন্য সহজ কাজ ছিলো না।

তো, আমার এক্সপেরিয়েন্স থেকে কিভাবে সময় নষ্ট না করে নিজের প্রোফাইল ঠিক রেখে, নিজের গ্রেডিং ঠিক রেখে, টিএশিপ ট্যাকল করা যায়, তার কয়েকটি ধাপ এই পোস্টে লিখছি। প্রথম সেমেস্টারটাই সবচেয়ে কঠিন হবে আসলে, এটা সামলে নিতে পারলে পরে আপনি নিজেই বুঝে যাবেন আপনার জন্য কি ভালো।

আপনাকে ডিপার্টমেন্টের বেস্ট টিএ হতে হবে না, কিন্তু মোটামুটি একটা ভালো পারফরম্যান্স আপনার নিজের জন্য জরুরি। এই পারফরম্যান্স আপনার পরবর্তী এপ্লিকেশনে দেখাবে আপনি ভালো কমিউনিকেট করতে পারেন কিনা। সুতরাং এই ব্যাপারটা মাথায় রাখা আপনার একটা দায়িত্ব। আবার, আমি অনেককে দেখেছি মাস্টার্স/পিএইচডিতে রিকোয়ারমেন্ট শেষ করতে দেরি করতে। দেরি করলে একটা সময়ের পর ফান্ডিং নাও

দিতে পারে। আমি যেহেতু "এস্পায়ারিং রিসার্চার"দের জন্য লিখছি, সুতরাং ধরে নিচ্ছি, আপনি প্রোকাস্টিনেট করবেন না কিছুতে।

এবার আমার মতে ফার্স্ট সেমিস্টারে টিএশিপ করতে হলে কি কি মাথায় রাখা দরকার, সেই স্টেপগুলো। এগুলো আমি নিজে আমার ফার্স্ট সেমিস্টারে জানতাম না। তবে গত দশ বছর বিভিন্ন জায়গায় পড়িয়ে বুঝেছি, টিচিং খুব বিরক্তিকর লাগতে পারে, যদি আপনি প্রপার প্ল্যানিং না করেন।

১। কোর্স ম্যাটেরিয়াল এবং সলিউশন আগে থেকে নিজে যোগাড় করে রাখা। আমার ফার্স্ট সেমিস্টারের টিএশিপের সুপারভাইজার কোনো সলিউশন দিতেন না।
